# অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন

## শিল্প মন্ত্রণালয়

**মাসের নাম: জানুয়ারি/২০২১**

| মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | পূর্বের জের | মোট অভিযোগ (৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬) | মন্তব্য (% সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| শিল্প মন্ত্রণালয় | - | - | - | ১৩ | ১৩ | | - | ১৩ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | ০১ | - | ০১ | ০২ | ০৩ | - | - | ০৩ | ঐ |
| বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | ০১ | - | ০১ | ১২ | ১৩ | ০৬ | পরিশিষ্ট-ক | ০৭ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | ০২ | - | ০২ | ০৯ | ১১ | ০২ | পরিশিষ্ট-ক | ০৯ | ঐ |
| বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই) | ০২ | ০২ | ০৪ | ০২ | ০৬ | ০৩ | পরিশিষ্ট-ক | ০৩ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | - | - | - | ০১ | ০১ | - | - | ০১ | ঐ |
| বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | - | - | - | - | - | - | - | - | |
| ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | - | - | - | - | - | - | - | - | |
| পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) | - | - | - | - | - | - | - | - | |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | - | - | - | - | - | - | - | - | |
| ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) | - | - | - | - | - | - | - | - | |
| মোট | ০৬ | ০২ | ০৮ | ৩৯ | ৪৭ | ১১ | - | ৩৬ | |

**পরিশিষ্ট-ক**

১। **বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি):**

(ক) দৈনিক জেনারেল ইলেকট্রিক ম্যানুফ্যাকচারিং কোং লি: এর সহকারী ভান্ডার কর্মকর্তা (প্রশাসন), জনাব মো: মুছা এর দুর্নীতির বিষয়ে অভিযোগ পত্রটি তদন্তনান্তে ০১টি অভিযোগের সত্যতা পাওয়া যায় এবং এর প্রেক্ষিতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করেছেন। বাকী অন্যান্য অভিযোগগুলোর সত্যতা পরিলক্ষিত হয়নি।

(খ) মাননীয় জেনারেল ইলেকট্রিক ম্যানুফ্যাকচারিং কোং লি: এর সাবেক কর্মচারী জনাব আইফুল ইসলাম খানের বিরুদ্ধে মূল কাগজপত্র গোপন করে ভুয়া তথ্য ও বিভ্রান্তিমূলক কাগজপত্র ও নাম দিয়ে অধিক বয়স পর্যন্ত চাকুরী করে চূড়ান্ত পাওনা পাওয়ার তদবির করা বিষয়ে প্রাপ্ত অভিযোগটি তদন্তনান্তে মিথ্যা ও ভিত্তিহীন হিসেবে পরিগণিত হয়েছে।

(গ) প্রশাসনকে এড়িয়ে জিইএম কোং লি: এর এমপ্লয়ীজ কোং অপারেটিভ সোসাইটি লি: অবৈধভাবে ইজারা বাবদ লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নেওয়া বিষয়ে প্রাপ্ত অভিযোগ পত্রটি তদন্তনান্তে অভিযোগের কোন দৃশ্যমান সত্যতা ও প্রমাণক পাওয়া যায়নি।

(ঘ) গাজী ওয়্যারস লি: কে শক্তিশালী ও আধুনিকরণ প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন অনিয়ম এবং প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কর্মকর্তাদের দুর্নীতি বিষয়ে প্রাপ্ত অভিযোগ পত্রটি তদন্তপূর্বক তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন বিএইসি'র স্মারক নম্বর- ৩৬.৯৩.০০০০.০১৭.২৭.০০৩.১৮/৭৪৫(১) তারিখ: ১১/০১/২০২১ মোতাবেক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(ঙ) জিইএম কোং কে দুর্নীতি ও আর্থিক ক্ষতিসাধন হতে রক্ষার ব্যবস্থা গ্রহণের বিষয়ে প্রাপ্ত অভিযোগ পত্রটি তদন্তনান্তে দেখা যায় যে, অভিযোগপত্র স্বাক্ষরকারী জনাব মো: নূরুল আবছার, প্রাক্তন সাধারণ সম্পাদক, সিবিএ, জিইএমকো তিনি অভিযোগ পত্রটি প্রেরণ করেননি মর্মে স্বীকারকরত: অঙ্গীকার নামা দিয়েছেন তাই বিষয়টি মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণীত। যার সত্যতা পরিলক্ষিত হয়নি।

(চ) জন্ম তারিখ পরিবর্তন করে জোর পূর্বক অবসর গ্রহণে বাধ্য করানোর বিষয়ে প্রাপ্ত অভিযোগ পত্রটি তদন্তনান্তে "জনাব মো: ফজলে আলী খান, মাস্টার টেকনিশিয়ান, প্রতিক নং-৫৪১৮, শপ নং-০২(বি), উৎপাদন ও কারিগরি বিভাগ চাকুরিতে যোগদানের সময় যেহেতু তার মাধ্যমিক সনদ জমা দেননি এবং চাকুরিতে প্রবেশকালে ০১/০৩/২১৯৬০ তারিখ দেখিয়ে যোগদান করেছেন, সেহেতু বাংলাদেশের শ্রম ও শিল্প আইন ২০০৬-এ ধারা ২৮ এর ২ অনুযায়ী বয়স যাচাইয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট শ্রমিকের সার্ভিস বইয়ে লিপিবদ্ধ জন্ম তারিখ উপযুক্ত প্রমাণ হিসেবে গণ্য হবে। Recruitment Rules for Bangladesh Steel and Engineering Corporation, 1985 এ অধ্যায় ৩ এর ধারা ৩(২) অনুযায়ী চাকুরিতে যোগদানের সময় ঘোষিত জন্ম তারিখ অর্থাৎ ০১/০৩/১৯৬০ তারিখ সঠিক জন্ম তারিখ হিসেবে বিবেচিত হবে।"

২। **বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক):**

(ক) জৈনক আরজ আলী, পঞ্চগড় সদর, পঞ্চগড়, জনাব মাহমুদুল হাসান, প্রমোশন অফিসার, পঞ্চগড় এর বিরুদ্ধে কর্মস্থলে দুর্নীতি বিষয়ে অভিযোগটি তদন্ত করে তদন্তে অভিযোগের বিষয়টি অপ্রমাণিত হওয়ায় নিষ্পত্তি করা হয়।

(খ) মেসার্স রানি বিশ্বাস প্রিন্টিং এন্ড প্যাকেজিং এর পার্শ্ববর্তী কারখানা বায়োজিন ফার্মাসিটিক্যালের ধোঁয়া রানি বিশ্বাস প্রিন্টিং এন্ড প্যাকেজিং এর শ্রমিকদের সমস্যা সংক্রান্ত অভিযোগটি শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, পটুয়াখালী কর্তৃক নিষ্পত্তি করা হয়েছে।

(গ) ঝিনাইদহ সার কারখানার ধোঁয়া ও ছাই সংক্রান্ত অভিযোগটি শিল্প সহায়ক কেন্দ্র, ঝিনাইদহ কর্তৃক নিষ্পত্তি করা হয়েছে।

৩। **বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই):**

(ক) অনলাইন (টেলিফোনে) জনৈক ব্যক্তি মোহাম্মদপুর এলাকার লামিয়া মশার কয়েল ফ্যাক্টরি নামীয় প্রতিষ্ঠানের বিরুদ্ধে অবৈধভাবে বিভিন্ন ব্র্যান্ডের মশার কয়েল উৎপাদনের অভিযোগ করেন। অভিযোগ প্রাপ্তির পর তদন্তে অভিযোগের সত্যতা পাওয়ায় প্রতিষ্ঠানটিতে মোবাইল কোর্ট পরিচালনা করে ১ লক্ষ টাকা জরিমানা, আনুমানিক ২ লক্ষ টাকার মশার কয়েল জব্দ ও কারখানাটি সিলগালা করা হয়।

(খ) মশার কয়েল উৎপাদনকারী মালিক সমিতি, রংপুর এর সভাপতি ও সেক্রেটার পত্রযোগে বিএসটিআই'র সিএম লাইসেন্সন ব্যতীত হারাগাছ, রংপুর এলাকার কাজল কেমিক্যাল ইন্ডাঃ ও গফুর ইন্ডাস্ট্রিজ এর বিরুদ্ধে অবৈধভাবে মশার কয়েল উৎপাদনের অভিযোগ করেন। তদন্তে অভিযোগের সত্যতা পাওয়া যায় প্রতিষ্ঠান দুটিতে মোবাইল কোর্ট পরিচালনা করে ১ লক্ষ ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

(গ) টাইম টিভির জনৈক সাংবাদিক কুমিল্লা জেলার লালমাই উপজেলার আযথখোলা ইউনিয়ন এর হলুদিয়া গ্রামের এইচকে এগ্রো ফুড প্রোডাক্টস প্রতিষ্ঠানটির বিরুদ্ধে বিএসটিআই'র অনুমোদনবিহীন ঝাল মুড়ি, মটর ভাজা, ডালভাজা, চানাচুর, চিপস, সরিষার তেল, কাপড় কাঁচা সাবান, সিনথেটিক ডিটারজেন্ট পাউডার, হারপিক, ট্যাংক, জুস ও আইস ললিপপ বহুদিন ধরে বিক্রি করে আসছে বলে অভিযোগ করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে বিএসটিআই জেলা অফিস, কুমিল্লা কর্তৃক তদন্তে দেখা যায় যে, প্রতিষ্ঠানটি শুধুমাত্র চিপস ও চানাচুর পণ্য উৎপাদন করছে এবং উক্ত পণ্য দুটির অনুকূলে বিএসটিআই'র বৈধ লাইসেন্স রয়েছে।